# লেকচার- ০৩

## পদ ও পদ প্রকরণ, অনুসর্গ, ক্রিয়ার কাল, ক্রিয়ার ভাব

## পদ ও পদ প্রকরণ

**পদ:** অর্থপূর্ণ ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে 'শব্দ' বলে। আর এই শব্দ যখন বাক্যে ব্যবহৃত হয় তখন তাকে পদ বলে। যেমন- 'মিজান প্রতিদিন বাসে চড়ে কলেজে যায়'- এটি একটি বাক্য। এ বাক্যে মোট ছয়টি শব্দ আছে। এই ছয়টি শব্দই এক একটি পদ।

সুতরাং, বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দই এক একটি পদ।

## পদ প্রকরণ

✱ পদ আট প্রকার:

| | |
|---|---|
| ১. বিশেষ্য | ৫. ক্রিয়া বিশেষণ |
| ২. বিশেষণ | ৬. যোজক |
| ৩. সর্বনাম | ৭. আবেগ |
| ৪. ক্রিয়া | ৮. অনুসর্গ। |

### বিশেষ্য পদ

- কোনো কিছুর নামকে বিশেষ্য পদ বলে।
- বাক্যের মধ্যে ব্যবহৃত যে সমস্ত পদ দ্বারা কোনো ব্যক্তি, জাতি, সমষ্টি, বস্তু, স্থান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝানো হয় তাদের বিশেষ্য পদ বলে।

**বিশেষ্য পদ ছয় প্রকার-**

১. সংজ্ঞা বা নাম বিশেষ্য (Proper Noun)
২. জাতি বিশেষ্য (Common Noun)
৩. বস্তু বা দ্রব্য বিশেষ্য (Material Noun)
৪. সমষ্টি বিশেষ্য (Collective Noun)
৫. ভাব/ক্রিয়া বিশেষ্য (Verbal Noun)
৬. গুণবিশেষ্য (Abstract Noun)

১. **সংজ্ঞা বা নাম বিশেষ্য:** যে বিশেষ্য পদ দ্বারা কোনো ব্যক্তি স্থান, নদী, সাগর, পর্বত, গ্রন্থ ইত্যাদির নাম বোঝায় তাকে নামবাচক বিশেষ্য পদ বলে। যেমন-

| | | |
|---|---|---|
| ব্যক্তির নাম | : | নজরুল, ওমর, আনিস, মাইকেল। |
| স্থান | : | ঢাকা, দিল্লি, লন্ডন, মক্কা। |
| সাগর | : | আরব সাগর, ভূমধ্যসাগর। |
| নদী | : | পদ্মা, মেঘনা, যমুনা। |
| পর্বত | : | হিমালয় |
| গ্রন্থ | : | গীতাঞ্জলি, অগ্নিবীণা, বিশ্বনবী, সঞ্চিতা। |

২. **জাতি বিশেষ্য:** যে পদ দ্বারা কোনো একজাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন- মানুষ, গরু, পাখি, গাছ, পর্বত, নদী, ইংরেজ, সাগর, ইত্যাদি।

৩. **বস্তু বা দ্রব্য বিশেষ্য:** যে পদে কোনো উপাদানবাচক পদার্থ বা বস্তুর নাম বোঝায় তাকে বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য বলে। এ জাতীয় বস্তু গণনা করা যায় না, শুধু পরিমাণ নির্দেশ করা যায়।

- **উদাহরণ:** চাল, চিনি, লবণ, ডাল, দুধ, পানি, সোনা, রুপা ইত্যাদি।

৪. **সমষ্টি বিশেষ্য:** যে পদে বেশকিছু সংখ্যক ব্যক্তি বা প্রাণীর সমষ্টি বোঝায়, তাই সমষ্টিবাচক বিশেষ্য।

- উদাহরণ: সভা, জনতা, সমিতি, পঞ্চায়েত, মহফিল, ঝাঁক, বহর, দল।

৫. **ভাব/ক্রিয়া বিশেষ্য:** যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যথা-

- গমন (যাওয়ার ভাব বা কাজ)
- দর্শন (দেখার কাজ)
- ভোজন (খাওয়ার কাজ)
- শয়ন (শোয়ার কাজ)

**এরূপ:** লেখা, পড়া, উঠা, বসা, দেখা, শোনা ইত্যাদি।

৬. **গুণ বিশেষ্য:** যে বিশেষ্য দ্বারা কোনো বস্তুর দোষ বা গুণের নাম বোঝায় তাকে গুণবাচক বিশেষ্য বলে। যথা-

- মধুর মিষ্টত্বের গুণ = মধুরতা
- তরল দ্রব্যের গুণ = তারল্য
- তিক্ত দ্রব্যের দোষ বা গুণ = তিক্ততা
- তরুণের গুণ = তারুণ্য।

**এরূপ:** সৌরভ, স্বাস্থ্য, যৌবন, সুখ, দুঃখ, দয়া, মায়া, সততা ইত্যাদি

### বিশেষণ পদ

যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে।

| | | |
|---|---|---|
| চলন্ত গাড়ি | : | বিশেষ্যের বিশেষণ। |
| করুণাময় তুমি | : | সর্বনামের বিশেষণ। |
| দ্রুত চল | : | ক্রিয়া বিশেষণ। |

**বিশেষণ দুই ভাগে বিভক্ত। যথা-**

১. নাম বিশেষণ
২. ভাব বিশেষণ

**বিশেষণ পদ**

নাম বিশেষণ    ভাব বিশেষণ

১. **নাম বিশেষণ:** যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যথা-

**বিশেষ্যের বিশেষণ**

- সুস্থ সবল দেহকে কে না ভালোবাসে?
- খারাপ মানুষকে সবাই ঘৃণা করে।

**সর্বনামের বিশেষণ**

- সে রূপবান ও গুণবান।
- তিনি বিনয়ী।

**নাম বিশেষণের প্রকারভেদ:**

- **রূপবাচক:** নীল আকাশ, সবুজ মাঠ, কালো মেঘ।
- **গুণবাচক:** চৌকস লোক, দক্ষ কারিগর, ঠান্ডা হাওয়া, সাহসী জনতা।
- **অবস্থাবাচক:** তাজা মাছ, রোগা ছেলে, খোঁড়া পা, মরা গরু

- সংখ্যাবাচক: হাজার লোক, দশ দশা, শ টাকা, কোটি টাকা
- ক্রমবাচক: দশম শ্রেণি, সত্তর পৃষ্ঠা, প্রথমা কন্যা, বিশ পৃষ্ঠা
- পরিমাণবাচক: বিঘাটেক জমি পাঁচ শতাংশ ভূমি, দু কিলোমিটার রাস্তা।
- অংশবাচক: অর্ধেক সম্পত্তি, ষোল আনা দখল, সিকি পথ।
- উপাদানবাচক: বেলে মাটি, মেটে কলসি, পাথুরে মূর্তি, সোনার হার।
- প্রশ্নবাচক: কতদূর পথ? কেমন অবস্থা?
- নির্দিষ্টতাজ্ঞাপক: এই লোক, সেই ছেলে, ছাব্বিশে মার্চ, ষোলই ডিসেম্বর।
- দোষবাচক: দুষ্ট ছেলে, বাজে কথা, অসভ্য লোক।

**বিভিন্নভাবে বিশেষণ গঠনের পদ্ধতি:**

- **ক্রিয়াজাত:** হারানো সম্পত্তি, খাবার পানি, অনাগত দিন।
- **অব্যয়জাত:** আচ্ছা মানুষ, উপরি পাওনা, হঠাৎ বড়লোক।
- **সর্বনামজাত:** কবেকার কথা, কোথাকার কে, স্বীয় সম্পত্তি।
- **সমাসসিদ্ধ:** বেকার, নিয়ম-বিরুদ্ধ, জ্ঞানহারা, চৌচালা ঘর।
- **বীপ্সামূলক:** হাসিহাসি মুখ, কাঁদকাঁদ চেহারা, ডুবুডুবু নৌকা
- **অনুকার অব্যয়জাত:** কনকনে শীত, শনশনে হাওয়া, ধিকিধিকি আগুন, টসটসে ফল, তকতকে মেঝে।
- **কৃদন্ত:** কৃতী সন্তান, জানাশোনা লোক, পায়ে-চলা পথ, হৃত সম্পত্তি, অতীত কাল।
- **তদ্ধিতান্ত:** জাতীয় সম্পদ, নৈতিক বল, মেঠোপথ।
- **উপসর্গযুক্ত:** নিখুঁত কাজ, অপহৃত সম্পদ, নির্জলা মিথ্যে।
- **বিদেশি:** নাস্তানাবুদ অবস্থা, লাওয়ারিশ মাল, লাখেরাজ সম্পত্তি, দরপত্তনি তালুক।

২. **ভাব বিশেষণ:** যে বিশেষণ পদ বিশেষ্য ও সর্বনাম পদ ছাড়া অন্য পদকে বিশেষিত করে তাকে ভাব বিশেষণ বলে।

ক. **বিশেষণের বিশেষণ:** যে পদ নাম বিশেষণ বা ক্রিয়া বিশেষণকে বিশেষিত করে, তাকে বিশেষণের বিশেষণ বলে। যথা–

**(i) নাম বিশেষণের বিশেষণ:**

- সামান্য একুট দুধ দাও।
- এ ব্যাপারে সে অতিশয় দুঃখিত।

**(ii) ক্রিয়া- বিশেষণের বিশেষণ:** রকেট অতি দ্রুত চলে।

খ. **অব্যয়ের বিশেষণ:** যে ভাব- বিশেষণ অব্যয় পদ অথবা অব্যয় পদের অর্থকে বিশেষিত করে, তাকে অব্যয়ের বিশেষণ বলে।

**যেমন-** ধিক্ তারে, শত ধিক্ নির্লজ্জ যে জন।

**ছিঃ ছিঃ! কি লজ্জা।**

গ. **বাক্যের বিশেষণ:** কখনো কখনো কোনো বিশেষণ পদ একটি সম্পূর্ণ বাক্যকে বিশেষিত করতে পারে, তখন তাকে বাক্যের বিশেষণ বলা হয়। **যেমন–** দুর্ভাগ্যক্রমে দেশ আবার নানা সমস্যা জালে আবদ্ধ হয়ে পড়েছে। বাস্তবিকই আজ আমাদের কঠিন পরিশ্রমের প্রয়োজন।

## বিশেষণের অতিশায়ন

বিশেষণ পদ যখন দুই বা ততোধিক বিশেষ্য পদের মধ্যে গুণ, অবস্থা, পরিমাণ প্রভৃতি বিষয়ে তুলনায় একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝিয়ে থাকে, তখন তাকে বিশেষণের অতিশায়ন বলে। যেমন–

- যমুনা দীর্ঘ নদী, পদ্মা দীর্ঘতর, কিন্তু মেঘনা বাংলাদেশের দীর্ঘতম নদী।
- সূর্য, পৃথিবী ও চন্দ্রের মধ্যে তুলনায় সূর্য বৃহত্তম, পৃথিবী চন্দ্রের চেয়ে বৃহত্তর এবং চন্দ্র পৃথিবী অপেক্ষা ক্ষুদ্রতর।

**বিশেষণের অতিশায়ন দু'ভাবে হয়। যথা–**

ক. খাঁটি বাংলা শব্দ বা দেশি শব্দের অতিশায়ন।
খ. তৎসম শব্দের অতিশায়ন।

ক. **খাঁটি বাংলা শব্দ বা দেশি শব্দের অতিশায়ন:**

- বাংলা শব্দের অতিশায়নে দুয়ের মধ্যে চাইতে, চেয়ে, হইতে, হতে, অপেক্ষা, থেকে ইত্যাদি শব্দ ব্যবহৃত হয়।
- এসব ক্ষেত্রে দুয়ের মধ্যে তারতাম্য বোঝাতে প্রথম বিশেষ্যটি প্রায়ই ষষ্ঠী বিভক্তিযুক্ত হয়ে থাকে।
- মূল বিশেষণের পর কোনো পরিবর্তন সাধিত হয় না।

**উদাহরণ:**

- ✓ গোরুর থেকে ঘোড়ার দাম বেশি।
- ✓ বাঘের চেয়ে সিংহ বলবান।

২. **বহুর মধ্যে অতিশায়ন:**

- অনেকের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বোঝাতে মূল বিশেষণের কোনো পরিবর্তন হয় না।
- মূল বিশেষণের পূর্বে সবচাইতে, সবচেয়ে, সব থেকে, সর্বাপেক্ষা, সর্বাধিক প্রভৃতি শব্দ ব্যবহার হয়।

**উদাহরণ:**

- ✓ নবম শ্রেণির ছাত্রদের মধ্যে করিম সবচেয়ে বুদ্ধিমান।
- ✓ ভাইদের মধ্যে বিমলই সবচাইতে বিচক্ষণ।
- ✓ পশুর মধ্যে সিংহ সর্বাপেক্ষা বলবান।
- ✓ খেলার মধ্যে ফুটবল সবচেয়ে জনপ্রিয়।

৩. দুটি বস্তুর মধ্যে অতিশায়নে জোর দিতে হলে মূল বিশেষণের আগে অনেক, অধিক, বেশি, অল্প, কম, অধিকতর প্রভৃতি বিশেষণীয় বিশেষণ যোগ করতে হয়।

**উদাহরণ:**

- ✓ পদ্মফুল গোলাপের চাইতে অনেক সুন্দর।
- ✓ ঘিয়ের চেয়ে দুধ বেশি উপকারী।
- ✓ কমলার চাইতে পাতিলেবু অল্প ছোট।

৪. কখনো কখনো ষষ্ঠী বিভক্তিযুক্ত শব্দে ষষ্ঠী বিভক্তিই চেয়ে, থেকে প্রভৃতি শব্দের কার্য সাধন করে।

**উদাহরণ:** এ মাটি সোনার বাড়া।

খ. **তৎসম শব্দের অতিশায়ন:**

১. তৎসম শব্দের অতিশায়নে দুয়ের মধ্যে 'তর' এবং বহুর মধ্যে 'তম' প্রত্যয় যুক্ত হয়ে থাকে। যেমন–

- গুরু -- গুরুতর-- গুরুতম
- দীর্ঘ -- দীর্ঘতর -- দীর্ঘতম

কিন্তু 'তর' প্রত্যয়যুক্ত বিশেষণটি শ্রুতিকটু হলে 'তর' প্রত্যয় যোগ না করে বিশেষণের পূর্বে 'অধিকতর' শব্দটি যোগ করতে হয়।

**যেমন–** অশ্ব হস্তী অপেক্ষা অধিকতর সুশ্রী।

২. বহুর মধ্যে অতিশায়নে তুলনীয় বস্তুর উল্লেখ না করেও 'তম' প্রত্যয় যুক্ত হতে পারে।

**যেমন–** মেঘনা বাংলাদেশের দীর্ঘতম নদী।

দেশ সেবার মহত্তম ব্রতই সৈনিকের দীক্ষা।

**একই পদের বিশেষ্য ও বিশেষণ রূপে প্রয়োগ:** বাংলা ভাষায় একই পদ বিশেষ্য ও বিশেষণ রূপে ব্যবহৃত হতে পারে। যেমন–

**ভালো:** বিশেষণ রূপে – ভালো বাড়ি পাওয়া কঠিন।
বিশেষ্য রূপে – আপন ভালো সবাই চায়।

**মন্দ:** বিশেষণ রূপে – মন্দ কথা বলতে নেই।
বিশেষ্য রূপে – এখানে কী মন্দাটা তুমি দেখলে?

**পুণ্য:** বিশেষণ রূপে – তোমার এ পুণ্য প্রচেষ্টা সফল হোক।
বিশেষ্য রূপে – পুণ্যে মতি হোক।
**নিশীথ:** বিশেষণ রূপে – নিশীথ রাতে বাজছে বাঁশি।
বিশেষ্য রূপে – গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত।
**সত্য:** বিশেষণ রূপে – সত্য পথে থেকে সত্য কথা বল।
বিশেষ্য রূপে – এ এক বিরাট সত্য।

## সর্বনাম পদ

বিশেষ্য পদের পরিবর্তে যে পদ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম পদ বলে।
**যেমন–** আমি, তুমি, সে, তিনি ইত্যাদি।

**সর্বনাম পদের শ্রেণিবিভাগ:** সর্বনামকে নয় শ্রেণিতে ভাগ করা যায়।

১. **ব্যক্তিবাচক বা পুরুষবাচক সর্বনাম:** আমি, আমরা, তুমি, তোমরা, সে, তারা, তাহারা, তিনি, তাঁরা, এ, এরা, ও, ওরা ইত্যাদি।
২. **আত্মবাচক সর্বনাম:** স্বয়ং, নিজে, খোদা, আপনি।
৩. **নির্দেশক সর্বনাম:** ঐ, ঐসব, এ, এই, এরা, ইহারা, ইনি ইত্যাদি।
৪. **সকলবাচক সর্বনাম:** সব, সকল, সমুদয়, তাবৎ।
৫. **প্রশ্নবাচক সর্বনাম:** কে, কী, কেন, কাহার, কার, কিসে?
৬. **অনির্দিষ্টতাজ্ঞাপক সর্বনাম:** কেহ, কোন, কিছু, কেউ।
৭. **পারস্পরিক সর্বনাম:** আপনা আপনি, নিজে নিজে, আপসে, পরস্পর ইত্যাদি।
৮. **সাপেক্ষ সর্বনাম:** যিনি-তিনি, যাঁরা-তাঁরা, যে-সে ইত্যাদি।
৯. **অন্যাদিবাচক সর্বনাম:** অন্য, অপর, পর ইত্যাদি।

**সর্বনামের পুরুষ: পুরুষ তিন প্রকার–**
ক. উত্তম পুরুষ
খ. মধ্যম পুরুষ ও
গ. নাম পুরুষ

ক. **উত্তম পুরুষ:** স্বয়ং বক্তাই উত্তম পুরুষ। যেমন– আমি, আমরা, আমাকে, আমাদের ইত্যাদি।
খ. **মধ্যম পুরুষ:** প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি বা শ্রোতাই মধ্যম পুরুষ। যেমন– তুমি, তোমরা, তোমাকে, তোমাদের, তোমাদিগকে, আপনি, আপনার, আপনারা, আপনাদের, তোর, তোদের ইত্যাদি।
গ. **নাম পুরুষ:** অনুপস্থিত অথবা পরোক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি, বস্তু বা প্রাণীই নাম পুরুষ। যেমন – সে, তাহারা (তারা), তাহাদের (তাদের), তাহাকে (তাকে), তিনি ইত্যাদি।

**সর্বনামের বিশিষ্ট প্রয়োগ:**

১. বিনয় প্রকাশে উত্তম পুরুষের এক বচনে দিন, অধম, বান্দা, সেবক, দাস, প্রভৃতি শব্দ ব্যবহৃত হয়। যথা–
 - আজ্ঞা কর দাসে, শাস্তি নরাধমে।
 - দীনের আরজ মনোযোগ দিয়ে শুনুন।

২. উপাস্যের প্রতি সাধারণত 'আপনি' স্থানে 'তুমি' প্রযুক্ত হয়। যেমন- প্রভু, তুমি রক্ষা কর এ দীন সেবকে।

৩. ছন্দবদ্ধ কবিতায় সাধারণত আমার স্থানে 'মম', 'আমাদের' স্থানে 'মোদের' এবং 'আমরা' স্থানে 'মোরা' ব্যবহৃত হয়। যেমন– কে বুঝিবে ব্যথা মম।
 - মোদের গরব, মোদের আশা, আ মরি! বাংলা ভাষা।
 - ক্ষুদ্র শিশু মোরা, করি তোমারি বন্দনা।

৪. অভিনন্দনপত্র রচনায় ও অনেক সময় সম্মানিত ব্যক্তিকে 'তুমি' সম্বোধন করা হয়। যেমন–
 - হে বরেণ্য, তুমি এসেছ তাই আমরা আনন্দে আত্মহারা।

৫. তুমি: ঘনিষ্ঠজন, আপনজন *বা সমবয়স্ক সাথীদের প্রতি ব্যবহার্য।*
 - **তুই:** *তুচ্ছার্থে ব্যবহৃত হয়*, ঘনিষ্ঠতা বোঝাতেও আমরা তুই ব্যবহার করি।

## যোজক

পদ, বর্গ বা বাক্যকে যেসব শব্দ যুক্ত করে, সেগুলোকে যোজক বলে। যেমন- এবং, ও, আর, অথবা, তবুও, কারণ, সুতরাং, তবে ইত্যাদি।
বৈশিষ্ট্য অনুযায়ী যোজককে নিম্নলিখিত শ্রেণিতে ভাগ করা যায়:

ক. **সাধারণ যোজক:** যে অব্যয় পদ দুই বা ততোধিক পদ বা বাক্যের মধ্যে সংযোগ স্থাপন করে, তাকে সাধারণ যোজক বলে। যেমন- ও, আর, এবং, সুতরাং, তাই, অধিকন্তু।
উদাহরণ– মুরাদ ও শাওন ক্রিকেট খেলে।
ছাব্বিশে মার্চ আমাদের স্বাধীনতা দিবস তাই আমরা এই দিনটি উদযাপন করি।

খ. **বিকল্প যোজক:** যে অব্যয় পদের সাহায্যে একাধিক পদ বা বাক্যের মধ্যে বিয়োগ সম্বন্ধ ঘটানো হয়, তাকে বিকল্প যোজক বলে। যেমন- অথবা, কিংবা, বা, না, হয়, নতুবা, নয়তো, নচেৎ ইত্যাদি।
**উদাহরণ:** মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।

গ. **বিরোধ যোজক:** যে অব্যয় পদ বাক্যের অর্থকে সংকুচিত করে তাকে বিরোধ যোজক বলে। যেমন– কিন্তু, অথচ, তবে, তথাপি, পড়ন্তু ইত্যাদি।
**উদাহরণ:** তিনি অনেক টাকা উপার্জন করেন কিন্তু বড় বেহিসাবী।

ঘ. কারণ যোজক: এ ধরনের যোজক বাক্যের দুটি অংশের মধ্যে সংযোগ ঘটায় যার একটি অন্যটির কারণ। যেমন-
 - **জিনিসের দাম বেড়েছে, কারণ চাহিদা বেশি।**
 - **বসার সময় নেই, তাই যেতে হবে।**

ঙ. **সাপেক্ষ যোজক: এ ধরনের যোজক একে অন্যের পরিপূরক হয়ে বাক্যে ব্যবহৃত হয়। যেমন-**
 - **যদি রোদ ওঠে, তবে রওনা দেব।**
 - **যত পড়ছি, ততই নতুন করে জানছি।**

## আবেগ

মনের নানা ভাব বা আবেগকে প্রকাশ করা হয় যেসব শব্দ দিয়ে সেগুলোকে আবেগ শব্দ বলা হয়।
যে সকল শব্দ বাক্যের অন্য পদের সঙ্গে সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়। যেমন–

ক. **উচ্ছ্বাস প্রকাশে:** মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ!
খ. **স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে:** হ্যাঁ, আমি যাব।
গ. **সম্মতি প্রকাশে:** আমি আজ আলবত যাব। নিশ্চয়ই পারব।
ঘ. **অনুমোদনবাচকতায়:** আপনি যখন বলেছেন, বেশ তো আমি যাব।
ঙ. **সমর্থন সূচক জবাবে:** আপনি যা জানেন তাতো ঠিকই বটে।
চ. **যন্ত্রণা প্রকাশে:** উঃ পায়ে বড্ড লেগেছে। নাঃ! এ কষ্ট অসহ্য।
ছ. **ঘৃণা বা বিরক্তি প্রকাশে:** ছি ছি, তুমি এত নীচ! কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না।
জ. **সম্বোধনে:** ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।
ঝ. **সম্ভাবনায়:** 'সংশয়ে সংকল্প সদা টলে
পাছে লোকে কিছু বলে।'
ঞ. **বাক্যালংকার:** কয়েকটি অব্যয় শব্দ নিরর্থকভাবে ব্যবহৃত হয়ে বাক্যের শোভাবর্ধন করে, এদের বাক্যালংকার অব্যয় বলে। যেমন– কত না হারানো স্মৃতি জাগে আজও মনে।
 - 'হায়রে ভাগ্য, হায়রে লজ্জা, কোথায় সভা, কোথায় সজ্জা'
 - দুর! এ কথা কি বলতে আছে?
 - যাকগে, ওসব কথা থাক।

## ক্রিয়াপদ

যে পদের দ্বারা কোনো কার্য সম্পাদন করা বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে। ক্রিয়াপদ দ্বারা হওয়া, যাওয়া, করা, খাওয়া ইত্যাদি বোঝায়। যেমন- রিনা চিঠি লিখে।

**অনুক্ত ক্রিয়াপদ:**

- ক্রিয়াপদ বাক্যগঠনের অপরিহার্য অঙ্গ।
- ক্রিয়াপদ ভিন্ন কোনো মনোভাবই সম্পূর্ণরূপে প্রকাশ করা যায় না।
- কখনো কখনো বাক্যে ক্রিয়াপদ উহ্য বা অনুক্ত থাকতে পারে।

**উদাহরণ–**

- ✓ ইনি আমার ভাই = ইনি আমার ভাই (হন)।
- ✓ আজ প্রচণ্ড গরম = আজ প্রচণ্ড গরম (অনুভূত হচ্ছে)।
- ✓ তোমার মা কেমন? = তোমার মা কেমন (আছেন)?

**ক্রিয়ার প্রকারভেদ:**

১. ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদকে দুই ভাগে ভাগ করা যায়–
   ক. সমাপিকা ক্রিয়া
   খ. অসমাপিকা ক্রিয়া

ক. **সমাপিকা ক্রিয়া:** যে ক্রিয়াপদ দ্বারা বাক্যের (মনোভাবের) পরিসমাপ্তি জ্ঞাপিত হয়, তাকে সমাপিকা ক্রিয়া বলে। **যেমন–**

- ছেলেরা খেলা করছে।
- এ বছর বন্যায় ফসলের ক্ষতি হয়েছে।

খ. **অসমাপিকা ক্রিয়া:** যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন–

- প্রভাতে সূর্য উঠলে-------- (অন্ধকার দূর হয়)
- আমরা হাত মুখ ধুয়ে------- (পড়তে বসলাম)
- আমরা বিকেলে খেলতে-------- (যাই)

এখানে 'উঠলে' 'ধুয়ে' এবং 'খেলতে' ক্রিয়াপদগুলোর দ্বারা কথা শেষ হয়নি, কথা সম্পূর্ণ হতে আরো শব্দের প্রয়োজন। তাই এ শব্দগুলো অসমাপিকা ক্রিয়া।

২. **কর্ম অনুসারে ক্রিয়াপদ তিন প্রকার–**
   ক. সকর্মক ক্রিয়া
   খ. অকর্মক ক্রিয়া
   গ. দ্বিকর্মক ক্রিয়া

ক. **সকর্মক ক্রিয়া:** যে ক্রিয়ার কর্মপদ আছে তাই সকর্মক ক্রিয়া। ক্রিয়ার সাথে কী বা কাকে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই ক্রিয়ার কর্মপদ। কর্মপদযুক্ত ক্রিয়াই সকর্মক ক্রিয়া। যেমন–বাবা আমাকে একটি কলম কিনে দিয়েছেন।

**প্রশ্ন: কী দিয়েছেন?**
**উত্তর:** কলম (কর্মপদ)।
**প্রশ্ন: কাকে দিয়েছেন?**
**উত্তর:** আমাকে (কর্মপদ)। 'দিয়েছেন' ক্রিয়াপদটির কর্ম পদ থাকায় এটি সকর্মক ক্রিয়া।

খ. **অকর্মক ক্রিয়া:** যে ক্রিয়ার কর্ম নেই, তা অকর্মক ক্রিয়া।
**যেমন–** মেয়েটি হাসে।
'কী হাসে' বা 'কাকে হাসে' প্রশ্ন করলে কোনো উত্তর হয় না। কাজেই 'হাসে' ক্রিয়াটি অকর্মক ক্রিয়া।

গ. **দ্বিকর্মক ক্রিয়া:** যে ক্রিয়ার দুটি কর্মপদ থাকে, তাকে দ্বিকর্মক ক্রিয়া বলে।

- দ্বিকর্মক ক্রিয়ার বস্তুবাচক কর্ম পদটিকে মুখ্য বা প্রধান কর্ম।
- ব্যক্তিবাচক কর্মপদটিকে গৌণ কর্ম বলে।

**যেমন-** বাবা আমাকে একটি কলম কিনে দিয়েছেন বাক্যে 'কলম' (বস্তু) মুখ্যকর্ম এবং 'আমাকে' (ব্যক্তি) গৌণ কর্ম।

**সমধাতুজ কর্ম:** বাক্যের ক্রিয়া ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত [illegible] কর্মপদকে সমধাতুজ কর্ম বা ধাত্বর্থক কর্মপদ বলে। **যেমন–**

- আর কত খেলা খেলবে?
- এমন সুখের মরণ কে মরতে পারে?
- বেশ এক ঘুম ঘুমিয়েছি।
- আর মায়াকান্না কেঁদো না গো বাপু।

৩. **গঠনগতভাবে ক্রিয়া পাঁচ প্রকার-**
   ক. সরল ক্রিয়া
   খ. প্রযোজক ক্রিয়া
   গ. নামধাতু ও নামধাতুর ক্রিয়া
   ঘ. যৌগিক ক্রিয়া
   ঙ. মিশ্র ক্রিয়া

ক. **সরল ক্রিয়া:** একটিমাত্র পদ দিয়ে যে ক্রিয়া গঠিত হয় এবং কর্তা এককভাবে ক্রিয়াটি সম্পন্ন করে, তাকে সরল ক্রিয়া বলে। যেমন- সে লিখছে। ছেলেরা মাঠে খেলছে। এখানে লিখছে ও খেলছে- এগুলো সরল ক্রিয়া।

খ. **প্রযোজক ক্রিয়া:** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে।

- সংস্কৃত ব্যাকরণে একে ণিজন্ত ক্রিয়া বলা হয়।
- যে ক্রিয়া প্রযোজনা করে, তাকে প্রযোজক কর্তা বলে।
- যাকে দিয়ে ক্রিয়াটি অনুষ্ঠিত হয়, তাকে প্রযোজ্য কর্তা বলে। যেমন–

| প্রযোজক কর্তা | প্রযোজ্য কর্তা | প্রযোজক ক্রিয়া |
|---|---|---|
| মা | শিশুকে | চাঁদ দেখাচ্ছেন। |
| (তুমি) | খোকাকে | কাঁদিও না। |
| সাপুড়ে | সাপ | খেলায়। |

গ. **নামধাতু ও নামধাতুর ক্রিয়া:** বিশেষ্য, বিশেষণ এবং ধ্বন্যাত্মক অব্যয়ের পরে 'আ' প্রত্যয়যোগে যেসব ধাতু গঠিত হয়, সেগুলোকে নামধাতু বলা হয়। নামধাতুর সঙ্গে পুরুষ বা কালসূচক ক্রিয়া-বিভক্তি যোগে নামধাতুর ক্রিয়াপদ গঠিত হয়। **যেমন–**

**ক.** বেত (বিশেষ্য) + আ (প্রত্যয়) = বেতা (নামধাতু)
**যথা–** শিক্ষক ছাত্রটিকে বেতাচ্ছেন (নামধাতুর ক্রিয়াপদ)।

**খ.** বাঁকা (বিশেষণ) + আ (প্রত্যয়) = বাঁকা (নামধাতু)
**যথা–** কঞ্চিটি বাঁকিয়ে ধর (নামধাতুর ক্রিয়াপদ)।

ঘ. **যৌগিক ক্রিয়া :** একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে, তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন–

**ক. তাগিদ দেওয়া অর্থে:** ঘটনাটা শুনে রাখ।
**খ. নিরন্তরতা অর্থে:** তিনি বলতে লাগলেন।
**গ. কার্য সমাপ্তি অর্থে:** ছেলেমেয়েরা শুয়ে পড়ল।
**ঘ. আকস্মিকতা অর্থে:** সাইরেন বেজে উঠল।
**ঙ. অভ্যস্ততা অর্থে:** শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে।
**চ. অনুমোদন অর্থে:** এখন যেতে পার।

ঙ. **মিশ্র ক্রিয়া:** বিশেষ্য, বিশেষণ এবং ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর, হ্, দে, পা, যা, কাট্, গা, ছাড়, ধর্, মার, প্রভৃতি ধাতুযোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে। **যেমন–**

| | |
|---|---|
| ক. বিশেষ্যের উত্তর (পরে) | আমরা তাজমহল দর্শন করলাম। |
| খ. বিশেষণের উত্তর (পরে) | তোমাকে দেখে বিশেষ প্রীত হলাম। |
| গ. ধ্বন্যাত্মক অব্যয়ের উত্তর (পরে) | মাথা ঝিম্ ঝিম্ করছে। |
| | ঝম্ ঝম্ করে বৃষ্টি পড়ছে। |

## ক্রিয়া বিশেষণ

যে শব্দ ক্রিয়াকে বিশেষিত করে, তাকে ক্রিয়াবিশেষণ বলে। নিচের বাক্য তিনটির নিম্নরেখ শব্দগুলো ক্রিয়াবিশেষণের উদাহরণ:

- ছেলেটি দ্রুত দৌড়ায়।
- লোকটি ধীরে হাঁটে।
- মেয়েটি গুনগুনিয়ে গান করছে।

অনেক সময়ে বিশেষ্য ও বিশেষণ শব্দের সঙ্গে '-এ', '-তে' ইত্যাদি বিভক্তি এবং '-ভাবে', '-বশত', '-মতো' ইত্যাদি শব্দাংশ যুক্ত হয়ে ক্রিয়াবিশেষণ তৈরি হয়। যেমন- ততক্ষণে, দ্রুতগতিতে, শান্তভাবে, ভ্রান্তিবশত, আচ্ছামতো ইত্যাদি।

ক্রিয়াবিশেষণকে কয়েক ভাগে ভাগ করা যায়। যথা:

১. ধরনবাচক ক্রিয়াবিশেষণ: কোনো ক্রিয়া কীভাবে সম্পন্ন হয়, ধরনবাচক ক্রিয়াবিশেষণ তা নির্দেশ করে। যেমন–
   - টিপ টিপ বৃষ্টি পড়ছে।
   - ঠিকভাবে চললে কেউ কিছু বলবে না।

২. কালবাচক ক্রিয়াবিশেষণ: এই ধরনের ক্রিয়াবিশেষণ ক্রিয়া সম্পাদনের কাল নির্দেশ করে। যেমন–
   - আজকাল ফলের চেয়ে ফুলের দাম বেশি।
   - যথাসময়ে সে হাজির হয়।

৩. স্থানবাচক ক্রিয়াবিশেষণ: ক্রিয়ার স্থান নির্দেশ করে স্থানবাচক ক্রিয়াবিশেষণ। যেমন–
   - মিছিলটি সামনে এগিয়ে যায়
   - তাকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না।

৪. **নেতিবাচক ক্রিয়াবিশেষণ:** না, ইত্যাদি দিয়ে ক্রিয়ার নেতিবাচক বোঝায়। এগুলো সাধারণত ক্রিয়ার পরে বসে। যেমন-
   - সে এখন যাবে না।
   - তিনি বেড়াতে যাননি।
   - এমন কথা আমার জানা নেই।

৫. পদাণু ক্রিয়াবিশেষণ: বাক্যের মধ্যে বিশেষ কোনো ভূমিকা পালন না করলেও 'কি', 'যে', 'বা', 'না', 'তো' প্রভৃতি পদাণু ক্রিয়াবিশেষণ হিসেবে কাজ করে। যেমন–
   - কি: আমি কি যাব?
   - যে: খুব যে বলেছিলেন আসবেন!
   - বা: কখনো বা দেখা হবে।
   - না: একটু ঘুরে আসুন না, ভালো লাগবে।
   - তো: মরি তো মরব।
   - গঠন বিবেচনায় ক্রিয়াবিশেষণকে একপদী ও বহুপদী- এই দুই ভাগে ভাগ করা যায়:
   - একপদী ক্রিয়াবিশেষণ: আস্তে, জোরে, চেঁচিয়ে, সহজে, ভালোভাবে ইত্যাদি।
   - বহুপদী ক্রিয়াবিশেষণ: ভয়ে ভয়ে, চুপি চুপি ইত্যাদি।

## অনুসর্গ বা কর্মপ্রবচনীয় শব্দ

যে সকল অব্যয় বিশেষ্য ও সর্বনাম পদের পরে বিভক্তির ন্যায় বসে কারক বাচকতা প্রকাশ করে তাকে পদান্বয়ী অব্যয় বলে। যেমন – সাথে, চেয়ে, বিনা, পানে, দিয়ে, লাগিয়া, ছাড়া, যেন ইত্যাদি। **উদাহরণ–**

- ওকে দিয়ে এ কাজ হবে না।
- টাকার চেয়ে সম্মান বড়।
- আমার সাথে কাল দেখা করবে।

**কয়েকটি অনুসর্গের উদাহরণ:** অপেক্ষা, অবধি, অভিমুখে, আগে, উপরে, করে, কর্তৃক, কাছে, কারণে, ছাড়া, জন্য, তরে, থেকে, দরুন, দিকে, দিয়ে, দ্বারা, ধরে, নাগাদ, নিচে, পর্যন্ত, পানে, পাশে, পিছনে, প্রতি, বদলে, বনাম, বরাবর, বাইরে, বাদে, বাবদ, বিনা, ব্যতীত, ভিতরে, মতো, মধ্যে, মাঝে, লেগে, সঙ্গে, সম্মুখে, সাথে, সামনে, হতে ইত্যাদি।

**সাধারণ অনুসর্গ:** যেসব অনুসর্গ ক্রিয়া ছাড়া অন্য শব্দ থেকে তৈরি হয়, সেগুলোকে সাধারণ অনুসর্গ বলে। যেমন-

- উপরে: মাথার উপরে নীল আকাশ।
- কাছে: কার কাছে গেলে জানা যাবে?
- জন্যে: হারানো ঘড়িটার জন্য অনেক কেঁদেছি।
- দ্বারা: এমন কাজ তোমার দ্বারা হবে না।
- বনাম: আজ বাংলাদেশ বনাম ভারতের খেলা।

**ক্রিয়াজাত অনুসর্গ:** যেসব অনুসর্গ ক্রিয়াপদ থেকে তৈরি হয়েছে, সেগুলোকে ক্রিয়াজাত অনুসর্গ বলে। যেমন–

- করে: ভালো করে খেয়ে নাও।
- থেকে: ঢাকা থেকে বরিশাল যেতে পদ্মা নদী পার হতে হয়।
- দিয়ে: মন দিয়ে লেখাপড়া করা দরকার।
- ধরে: বহুদিন ধরে অপেক্ষা করে আছি।
- বলে: সে সঙ্গে যাবে বলে তৈরি হয়ে এসেছে।

## বাক্যে অনুসর্গ

**বাক্যে অনুসর্গ কী অর্থ প্রকাশ করে....**

⇨ সহ : সহগামিতা অর্থে- তিনি পুত্রসহ উপস্থিত হলেন।
সহিত : সমসূত্রে অর্থে- শত্রুর সহিত সন্ধি চাই না।
সনে : বিরুদ্ধগামিতা অর্থে- 'দংশনক্ষত শ্যেন বিহঙ্গ যুঝে ভুজঙ্গ সনে
সঙ্গে : তুলনায়- মায়ের সঙ্গে এ মেয়ের তুলনা হয় না।
⇨ পরে : স্বল্প বিরতি অর্থে- এ ঘটনার পরে আর এখানে থাকা চলে না।
পর : দীর্ঘ বিরতি অর্থে- শরতের পরে আসে বসন্ত।
⇨ মাঝে : মধ্যে অর্থে- 'সীমার মাঝে অসীম তুমি।
একদেশিক অর্থে- এ দেশের মাঝে এক দিন সব ছিল।
ক্ষণকাল অর্থে- নিমেষ মাঝেই সব শেষ।
মাঝারে : ব্যাপ্তি অর্থে-'আছ তুমি প্রভু, জগৎ মাঝারে'।
⇨ হেতু : নিমিত্ত অর্থে- কী হেতু এসেছ তুমি, কহ বিস্তারিয়া।'
জন্যে : নিমিত্ত অর্থে- 'এ ধন-সম্পদ তোমার জন্যে।
সহকারে : সঙ্গে অর্থে- আগ্রহ সহকারে কহিলেন।
বশত: কারণে অর্থে- দুর্ভাগ্য বশত সভায় উপস্থিত হতে পারি নি।

## পদ পরিবর্তন

- **বিশেষ্য থেকে বিশেষণ:** পদ পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ্য থেকে বিশেষণের রূপান্তরিত করার ক্ষেত্রে প্রত্যয়ের ব্যবহার বহুল প্রচলিত। আমরা প্রত্যয়ের ব্যবহারের মাধ্যমে বিশেষ্য থেকে বিশেষণে রূপান্তরিত করতে পারি।

| বিশেষ্য | বিশেষণ | বিশেষণ | বিশেষ্য |
|---|---|---|---|
| স্ত্রী | স্ত্রৈণ | হ্রস্ব | হ্রাস |
| পুর | পৌর | শূর | শৌর্য |
| সূর্য | সৌর | দীর্ঘ | দৈর্ঘ্য |
| খেদ | খিন্ন | দুরাত্মা | দৌরাত্ম্য |
| ফেন | ফেনিল | মহৎ | মহত্ব, মহিমা |
| বপন | উপ্ত | সুজন | সৌজন্য |
| পংক্তি | পাংক্তেয় | মধুর | মাধুর্য, মাধুরী, মধুরতা, মধুরিমা, মধুরত্ব |
| আদি | আদ্য, আদিম | মহৎ | মহিমা, মহত্ত্ব |
| প্রতীচী | প্রতীচ্য | বিদগ্ধ | বৈদগ্ধ্য |
| প্রাচী | প্রাচ্য | সুকুমার | সৌকুমার্য |
| পঙ্ক | পঙ্কিল | আভ্যন্তরীণ | অভ্যন্তর |

| বিশেষ্য | বিশেষণ | বিশেষণ | বিশেষ্য |
|---|---|---|---|
| ঋষি | আর্য | উচিত | ঔচিত্য |
| অনুবাদ | অনুদিত | কুমার | কৌমার্য |
| গ্রন্থ | গ্রন্থিত | কৃপণ | কৃপণতা, কার্পণ্য |
| কণ্ঠ | কণ্ঠ্য | দরিদ্র | দারিদ্র্য, দরিদ্রতা |
| জন্ম | জাত | সুষ্ঠ | সুষ্ঠুতা, সৌষ্ঠব |
| ভূত | ভূতুড়ে, ভৌতিক | উচিত | ঔচিত্য |
| সন্ধ্যা | সান্ধ্য | প্রিয় | প্রীতি, প্রেম |
| সেচন | সিক্ত | গুরু | গুরুত্ব, গৌরব, গরিমা |
| প্রাচী | প্রাচ্য | ঋজু | ঋজুতা, আর্জব |
| পা | পেয় | বহু | ভূমা |
| দেব | দৈব | শীত | শৈত্য |
| পঙ্ক | পঙ্কিল | সুন্দর | সৌন্দর্য |
| বন | বুনো, বন্য | দীর্ঘ | দৈর্ঘ্য, দ্রাঘিমা |
| ভোজন | ভুক্ত | মন্দ | মান্দ্য |
| বাক | বাগীশ্ | বিকার | বিকৃত |
| লয় | লীন | পরিবর্তন | পরিবর্তিত |
| ধূসর | ধূসরিত | শোভা | শোভিত |
| শিক্ষা | শিক্ষিত | প্রচলন | প্রচলিত |

## বিগত সালের ব্যাংক প্রশ্ন (অংশ- ১)

১. **বিভক্তিযুক্ত ধাতু ও শব্দকে কি বলে?** [২০২০ সাল ভিত্তিক কম্বাইন্ড সিনিয়র অফিসার, প্রশ্ন সমাধান-২০২৩]
ক) শব্দ  খ) কারক  গ) ক্রিয়াপদ  ঘ) পদ

২. **কোনটি বিশেষণ বাচক শব্দ?** [২০২০ সাল ভিত্তিক কম্বাইন্ড সিনিয়র অফিসার, প্রশ্ন সমাধান-২০২৩]
ক) জীবনী  খ) জীবন  গ) জীবিকা  ঘ) জীবাণু

৩. **'মন' শব্দের বিশেষণ-** উত্তরা ব্যাংক লিমিটেড ২০২২, পদ : অ্যাসিস্ট্যান্ট অফিসার ও ক্যাশ, তারিখ: ২৩ জুলাই, ২০২২]
ক) মানস  খ) মানসিক  গ) মনন  ঘ) মানুষ

৪. **অব্যয় পদ কত প্রকার?** [উত্তরা ব্যাংক লিমিটেড ২০২২, পদ : অ্যাসিস্ট্যান্ট অফিসার ও ক্যাশ, তারিখ: ২৩ জুলাই, ২০২২]
ক) তিন  খ) চার  গ) পাঁচ  ঘ) ছয়

৫. **'এক' এর বিশেষ্য রূপ কোনটি?** [সমন্বিত ৫ ব্যাংকের পরীক্ষা- ২০২২, পদ: অফিসার ক্যাশ, তারিখ: ২৫ মার্চ, ২০২২]
ক) একাধিক  খ) বহু  গ) একতা  ঘ) একক

৬. **'দুঃখ' কোন প্রকার বিশেষ্য পদ?** [সমন্বিত ৮ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, পদ: অফিসার (জেনারেল), তারিখ: ২১ জানুয়ারি, ২০২২]
ক) সংজ্ঞাবাচক  খ) গুণবাচক  গ) ভাববাচক  ঘ) জাতিবাচক

৭. **'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে' এই বাক্যের অব্যয়টির নাম কী?** [সমন্বিত ৮ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, পদ: অফিসার (জেনারেল), তারিখ: ২১ জানুয়ারি, ২০২২]
ক) অনুসর্গ অব্যয়  খ) অনুকার অব্যয়
গ) অনন্বয়ী অব্যয়  ঘ) সমুচ্চয়ী অব্যয়

৮. **'তুমি এতক্ষণ কী করেছ' - এই বাক্যে 'কী' কোন পদ?** [কর্মসংস্থান ব্যাংকে নিয়োগ পরীক্ষা- ২০২২, পদ: ডাটা এন্ট্রি অপারেটর, তারিখ: ০১ এপ্রিল, ২০২২]
ক) বিশেষণ  খ) অব্যয়  গ) সর্বনাম  ঘ) ক্রিয়া

৯. **কোনটি ভাববাচক বিশেষ্য নয়?** [সমন্বিত ৯ ব্যাংক, পদ: অফিসার (জেনারেল), তারিখ: ৭ জানুয়ারী- ২০২২]
ক) চলন্ত  খ) দর্শন  গ) সৌন্দর্য  ঘ) করতে

১০. **যেমন কর্ম তেমন ফল'- কোন পদের উদাহরণ?** [প্রবাসী কল্যাণ ব্যাংক, পদনাম: ক্যাশ অফিসার, তারিখ: ২৫.০৯.২০২১]
ক) পারস্পরিক সর্বনাম  খ) ক্রিয়া বিশেষণ
গ) সাপেক্ষ সর্বনাম  ঘ) যোজক

**উত্তরপত্র**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.ঘ | ২.ক | ৩.খ | ৪.খ | ৫.গ | ৬.খ | ৭.ক | ৮.গ |
| ৯.গ | ১০.গ | | | | | | |

## পদ সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের বিগত বছরের প্রশ্ন সমূহ (২০২১)

১. **কোনটি ভাববাচক বিশেষ্য?** *[Combined 9 Banks. (Officer [General)-2022]*
ক) চলন্ত  খ) দর্শন  গ) সৌন্দর্য  ঘ) করতে

২. **'দুঃখ বিনা সুখ লাভ হয় কী মহীতে' এই বাক্যের অব্যয়টির নাম কী?** *[8 Combined Banks & 1 Financial Institution. (Officer [General)-2022]*
ক) অনুসর্গ অব্যয়  খ) অনুকার অব্যয়
গ) অনন্বয়ী অব্যয়  ঘ) সমুচ্চয়ী অব্যয়

৩. **'দুঃখ' কোন প্রকার বিশেষ্য পদ?** *[8 Combined Banks & 1 Financial Institution. (Officer [General)-2022]*
ক) সংজ্ঞাবাচক  খ) গুণবাচক  গ) ভাববাচক  ঘ) জাতিবাচক

৪. **শব্দের বিশেষণ–** *[Uttara Bank Ltd. (Probationary Officer-2021)]*
ক) মানস  খ) মানসিক  গ) মনন  ঘ) মানুষ

৫. **'মেটে কলসি' শব্দবন্ধে 'মেটে' কোন প্রকার বিশেষণ?** *[Combined 6 Bank (Assistant Programmer-2021)]*
ক) গুণবাচক  খ) অবস্থাবাচক
গ) উপাদানবাচক  ঘ) রূপবাচক

৬. **অনুসর্গ কী?** *[Rupali Bank Ltd.(Assistant Network Engineer-2021)]*
ক) শব্দ বিভক্তি  খ) ক্রিয়া বিভক্তি
গ) অব্যয়  ঘ) বিশেষণ

৭. **'সন্ধ্যা ঘনিয়ে এলো' বাক্যটিতে কোন ধরনের ক্রিয়া ব্যবহৃত হয়েছে?** *[Rupali Bank Ltd.(Assistant Network Engineer-2021)]*
ক) অসমাপিকা ক্রিয়া  খ) যৌগিক ক্রিয়া
গ) ক্রিয়া বিশেষণ  ঘ) সমাপিকা ক্রিয়া

৮. **'যেমন কর্ম তেমন ফল।' কোন পদের উদাহরণ?** *[Probashi Kallyan Bank Ltd. (Officer [Cash]-2021)]*
ক) পারস্পরিক সর্বনাম  খ) ক্রিয়া বিশেষণ
গ) সাপেক্ষ সর্বনাম  ঘ) যোজক

৯. **'ছি! ছি! তুমি এতো খারাপ' এখানে 'ছি! ছি!' কোন অর্থ প্রকাশ করেছে?** *[Uttara Bank Ltd. (Probationary Officer-2021)]*
ক) ভাবের গভীরতা  খ) পৌনঃপুনিকতা
গ) ভাবের ধারাবাহিকতা  ঘ) অনুভূতি ভাব

১০. **বিদেশি উৎস থেকে আগত অব্যয় শব্দ হলো–** *[Combined 7 Banks & Financial Institutions. (Senior Officer-2021)]*
ক) খুব  খ) আবার  গ) আর  ঘ) যদি

১১. **'যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্ট বেটাই চোর' এখানে 'হারায়' কোন ধাতু?** *[Combined 5 Banks Ltd.(Officer [cash]-2021)]*
ক) প্রযোজক ধাতু  খ) ভাববাচ্যের ধাতু
গ) সংযোগমূলক ধাতু  ঘ) নাম ধাতু

১২. **'সুন্দর মাত্রেরই একটা আকর্ষণ আছে।' এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন শব্দ?** *[Combined 5 Banks Ltd.(Officer [cash]-2021)]*
ক) বিশেষ্য  খ) বিশেষণ
গ) সর্বনাম  ঘ) বিশেষণের বিশেষণ

১৩. **'এখন গোল্লায় যাও' এটি কোন ক্রিয়ার উদাহরণ?** *[Karmasangsthan Bank Ltd.(Assistant Officer-2021)]*
ক) মিশ্র ক্রিয়া  খ) যৌগিক ক্রিয়া
গ) ণিজন্ত ক্রিয়া  ঘ) নামধাতুর ক্রিয়া

১৪. **'শৈত্য' শব্দের বিশেষণ পদ কোনটি?** *[Karmasangsthan Bank Asst. Officer (General/Cash) 2012]*
ক) শীতার্ত  খ) শীত
গ) শীতাতপ  ঘ) কোনোটিই নয়

১৫. 'সুন্দর' শব্দটির বিশেষ্য রূপ কোনটি? *[Titas Gas Transmission & Distribution Co. Ltd. Deputy Asst. Engineer 2011]*
ক) সুন্দরী খ) সুন্দার গ) সান্দর ঘ) সৌন্দর্য

১৬. 'রাম রায় এত বিদ্বান অথচ এতটুকু অহংকার নেই'। রেখাঙ্কিত শব্দটি কোন ধরনের অব্যয় নির্ণয় করুন: *[Jiban Bima Corporation Asst. Manager 2020]*
ক) সমুচ্চয়ী সংকোচক খ) অনন্বয়ী
গ) সমুচ্চয়ী বিয়োজক ঘ) সমুচ্চয়ী

১৭. 'এখন গোল্লায় যাও' এটি কোন ক্রিয়ার উদাহরণ? *[Joint 4 Banks Officer (General) 2019]*
ক) মিশ্র ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া
গ) নিজন্ত ক্রিয়া ঘ) নামধাতুর ক্রিয়া

১৮. নিচের কোনটি সর্বনামের প্রকারভেদ নয়? *[Rupali Bank Ltd. Officer 2019]*
ক) আত্মবাচক খ) ব্যতিহারিক
গ) সাপেক্ষবাচক ঘ) পূরণবাচক

১৯. যৌগিক ক্রিয়ার একটি উদাহরণ হলো- *[Rupali Bank Ltd. Officer 2019]*
ক) ধীরে চলা খ) হেসে ওঠা গ) চুপ করা ঘ) কথা বলা

২০. 'ছেলেটি এমন আঁকাই এঁকেছে।' বাক্যে যে ধরনের কর্মপদ ব্যবহৃত হয়েছে- *[Sonali Bank Ltd. Senior Officer 2019]*
ক) মুখ্যকর্ম খ) ধাতুর্থক কর্ম
গ) গৌণকর্ম ঘ) প্রযোজক কর্ম

২১. কোনটি সমষ্টিবাচক বিশেষ্য? *[Rajshahi Krishi Unnayan Bank Cashier 2017]*
ক) পর্বত খ) মাটি গ) মানুষ ঘ) জনতা

২২. ক্রিয়া পদের মূল অংশকে কী বলা হয়? *[Rajshahi Krishi Unnayan Bank Cashier 2017]*
ক) যতি খ) ধাতু গ) উক্তি ঘ) প্রকৃতি

২৩. নিচের কোনটি অব্যয় পদ? *[Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) Upper Division Assistant 2017]*
ক) এবং খ) পড়া গ) যদি ঘ) লাল

২৪. নিচের কোনটি সংশয় বাচক অব্যয়ের দৃষ্টান্ত- *[Pubali Bank Ltd. Trainee Assistant Teller 2017]*
ক) কেননা খ) বুঝি গ) নতুবা ঘ) যদি

২৫. অংশাংশি শব্দটি কোন পদের? *[Agrani Bank Limited Officer 11]*
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) অব্যয় ঘ) ক এবং গ

২৬. হনহন শব্দটি কোন পদের? *[Agrani Bank Limited Senior Officer 2011]*
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) সর্বনাম ঘ) অব্যয়

২৭. 'তিনটি বছর' এখানে তিনটি কোন পদ? *[Pubali Bank Limited Senior Officer/ Officer 2011]*
ক) ক্রিয়া খ) বিশেষ্য গ) অব্যয় ঘ) বিশেষণ

২৮. 'নিশীথ রাতে বাঁজছে বাঁশি' এখানে 'নিশীথ' কোন পদ? *[Rajshahi Krishi Unnayan Bank Senior Officer 2010]*
ক) ক্রিয়া বিশেষণ খ) বিশেষণ
গ) বিশেষ্যের বিশেষণ ঘ) ক্রিয়া

২৯. 'উদীয়মান' বিশেষণের সাথে কোন বিশেষ্য পদ প্রযোজ্য হয়? *[Investment Corporation of Bangladesh (ICB) Senior Officer 2011]*
ক) যৌবন খ) বুদ্ধি গ) লেখক ঘ) সম্রাট

৩০. 'বেলাকে অতিক্রান্ত' পদের অর্থ কী? *[Investment Corporation of Bangladesh (ICB) Officer 2011]*
ক) অবেলা খ) গোধূলি গ) উদ্বেল ঘ) সাঁঝ

৩১. কোনটি গুণবাচক বিশেষ্য? *[Investment Corporation of Bangladesh (ICB) Officer 2011]*
ক) কিশোর খ) তারুণ্য গ) রোগা ঘ) পাণ্ডুরে

৩২. বিশেষ্য পদ নয় কোনটি? *[Bangladesh Buraue of Statistics Statistic Asst. 2020]*
ক) হিমালয় খ) গীতাঞ্জলী গ) স্বয়ং ঘ) পর্বত

৩৩. কোন শব্দটি বিশেষ্য বিশেষণ উভয় রূপে ব্যবহৃত হতে পারে? *[Sadharan Bima Corporation Divisional Deputy Asst. 2019]*
ক) দেশ খ) সুন্দর গ) বন্দর ঘ) বাংলা

৩৪. 'ন্যায়' শব্দের বিশেষণ- *[Joint 8 Banks senior Officer 2019 & Govt. Banks & 2 Financial Institute Senior Officer (General) 2019]*
ক) ন্যায়কৃত খ) ন্যায্য গ) ন্যায়সঙ্গত ঘ) নীতিবান

৩৫. 'নয়' শব্দটির বিশেষণ পদ কী? *[Jiban Bima Corporation Junior Officer 2018]*
ক) নয়া খ) নেয় গ) নীন ঘ) লিন

৩৬. 'মধুর' এ পদের বিশেষ্য রূপটি হলো: *[Jiban Bima Corporation Junior Officer 2018]*
ক) মাধুরী খ) মধুতা গ) মধুময় ঘ) মধুরতা

৩৭. নিম্নের কোনটি বিশেষণ পদ? *[Investment Corporatuon of Bangladesh (ICB) 2018]*
ক) বুদ্ধিমান খ) ঢাকা গ) রাজশাহী ঘ) এবং

৩৮. নিসর্গ শব্দের বিশেষণ কী? *[Rajshahi Krishi Unnayan Bank Supervisor 2017]*
ক) নিসর্গত খ) নৈসর্গিক গ) নিসর্গীক ঘ) নিসর্গণ

৩৯. বিশেষণ থেকে বিশেষ্য-সাধিত শব্দটি হলো- *[Bangladesh Development Bank LTD. Senior Officer 2017]*
ক) অগ্রিম খ) জটিল গ) গ্রাম্য ঘ) ঘনত্ব

৪০. নিচের কোনটি বিশেষ্য পদ? *[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Officer 2017]*
ক) বিভিন্ন খ) বিচিত্র গ) বৈশিষ্ট্য ঘ) বৈজ্ঞানিক

৪১. বিশেষ্য থেকে বিশেষণে পরিবর্তনের দৃষ্টান্ত- *[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Senior Officer 2017]*
ক) 'নৌ' থেকে 'নাব্য' খ) 'নাব্য' থেকে 'নৌ'
গ) 'নাব্য' থেকে 'নাব্যতা' ঘ) 'নৌ' থেকে 'নাব্যতা'

৪২. 'দহন' শব্দের বিশেষণ কোনটি? *[Islami Bank Bangladesh Ltd. Field Officer RDS 2013]*
ক) দাহ্য খ) দগ্ধ গ) দহনকারী ঘ) দহনীয়

৪৩. 'চালাক' এর বিশেষ্য পদ কী? *[Bangladesh Krishi Bank (BKB) Supervisor 2012]*
ক) চাতুর্য খ) চালাকী গ) চতুরতা ঘ) চাতুরী

৪৪. ন্যায় শব্দের বিশেষণ- *[Agrani Bank Limited Senior Officer 2010]*
ক) ন্যায়িক খ) নীতিবাদ গ) ন্যায্য ঘ) ন্যায়সঙ্গত

৪৫. 'সর্বজন' এর বিশেষণ কী? *[Uttara Bank Limited Asst. Officer (Cash) 2011]*
ক) বিশ্বজনীন খ) সার্বিক গ) জনসাধারণ ঘ) সর্বজনীন

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.খ,গ | ২.ক | ৩.খ | ৪.খ | ৫.গ | ৬.গ | ৭.খ | ৮.গ |
| ৯.ক | ১০.ক | ১১.খ | ১২.ক | ১৩.ক | ১৪.ঘ | ১৫.ঘ | ১৬.ক |
| ১৭.ক | ১৮.ঘ | ১৯.খ | ২০.খ | ২১.ঘ | ২২.খ | ২৩.ক | ২৪.খ |
| ২৫.ক | ২৬.ঘ | ২৭.ঘ | ২৮.খ | ২৯.গ | ৩০.গ | ৩১.খ | ৩২.গ |
| ৩৩.খ | ৩৪.খ | ৩৫.গ | ৩৬.ঘ | ৩৭.ক | ৩৮.খ | ৩৯.ঘ | ৪০.গ |
| ৪১.ক | ৪২.ক | ৪৩.খ | ৪৪.গ | ৪৫.ঘ | | | |

## বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন

১. 'তুমি তো ভারি সুন্দর ছবি আঁক।' বাক্যটিতে কোন প্রকারের অব্যয় পদ ব্যবহৃত হয়েছে? → অনন্বয়ী অব্যয় (৩৯ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

২. 'এ যে আমাদের চেনা লোক' বাক্যে 'চেনা' কোন পদ? → বিশেষণ (৩৬ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

৩. নিচের কোনটি বিশেষ্য পদ? → গাম্ভীর্য (৩৬ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

৪. 'লবণ' শব্দটি→ বিশেষ্য(৩৫ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

## অন্যান্য নন-ক্যাডার নিয়োগ পরীক্ষার প্রশ্ন

১. **'তিনি সৎ তাই সকলেই তাঁকে শ্রদ্ধা করে'- এখানে 'তাই' অব্যয়টি-** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৩-০২-২০২৩]
ক) সংযোজন অব্যয় খ) বিয়োজক অব্যয়
গ) সমুচ্চয়ী অব্যয় ঘ) সংকোচক অব্যয়

২. **কর্তা অন্যকে দিয়ে করালে বোঝালে কোন ক্রিয়া হয়?** [বাংলাদেশ রেলওয়ে লিখিত পরীক্ষা- ২০২২, পদ: গার্ড গ্রেড ২, তারিখ: ১৭ জুন, ২০২২]
ক) সরল ক্রিয়া খ) প্রযোজক ক্রিয়া
গ) নাম ক্রিয়া ঘ) যৌগিক ক্রিয়া

৩. **কোনটি বিশেষণবাচক শব্দ?** [BRTC নিয়োগ পরীক্ষা ২০২২, পদের নাম: কন্ডাক্টর ডি (কাউন্টারম্যান), তারিখ: ১ জুলাই, ২০২২]
ক) জীবন খ) জীবিকা গ) জীবনী ঘ) জীবাণু

৪. **'নীল আকাশ' কী বাচক নাম বিশেষণ?** [BRTC নিয়োগ পরীক্ষা ২০২২, পদের নাম: কন্ডাক্টর ডি (কাউন্টারম্যান), তারিখ: ১ জুলাই, ২০২২]
ক) রূপবাচক খ) গুণবাচক গ) ভাববাচক ঘ) অবস্থাবাচক

৫. **প্রাতিপদিক কোনটি?** [পোস্টমাস্টার জেনারেল- ২০২২, পদ: পোস্টম্যান(উত্তরাঞ্চল, রাজশাহী), তারিখ: ০৪নভেম্বর, ২০২২]
ক) বিভক্তিযুক্ত শব্দ খ) বিভক্তিহীন নামশব্দ
গ) উপসর্গযুক্ত শব্দ ঘ) প্রত্যয়ান্তশব্দ

৬. **'রাশি রাশি ধান' এখানে 'রাশি রাশি' কী অর্থ প্রকাশ করেছে?** [পোস্টমাস্টার জেনারেল- ২০২২, পদ: পোস্টম্যান (উত্তরাঞ্চল, রাজশাহী), তারিখ: ০৪নভেম্বর, ২০২২]
ক) আগ্রহ খ) আধিক্য গ) সামান্য ঘ) নিকৃষ্ট

৭. **'প্রস্তুত' কোন পদ?** [বাংলাদেশ রেলওয়ের ৩য়/৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ পরীক্ষা-২০২২, পদ : পয়েন্টসম্যান, তারিখ: ৯ সেপ্টেম্বর, ২০২২]
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) সর্বনাম ঘ) অব্যয়

৮. **'তুমি এতক্ষণ কী করেছো' এই বাক্যে 'কী' কোন পদ?** [পোস্টমাস্টার জেনারেল- ২০২২, পদ: উচ্চমান সহকারী; উত্তরাঞ্চল, রাজশাহী-৬২০৩, তারিখ: ১০ সেপ্টেম্বর, ২০২২]
ক) বিশেষ্য খ) অব্যয় গ) সর্বনাম ঘ) ক্রিয়া

৯. **'অলস' এর বিশেষ্য পদ কোনটি?** [ঔষধ প্রশাসন অধিদপ্তর ২০২২, পদ: অফিস সহায়ক, তারিখ: ১৩ মে, ২০২২]
ক) অলসতা খ) আলস্য গ) আলসে ঘ) আলসেমী

১০. **"বৃষ্টি পড়ে টাপুর টুপুর" এখানে টাপুর টুপুর কোন ধরনের শব্দ?** [বাংলাদেশ রেলওয়ে পরীক্ষা ২০২২, পদ: গার্ড গ্রেড ২, তারিখ: ১৭ জুন, ২০২২]
ক) ছড়ার শব্দ খ) শব্দের দ্বিরুক্তি
গ) ধ্বনাত্মক শব্দ ঘ) পদের দ্বিরুক্তি

১১. **বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?** [বাংলাদেশ রেলওয়ে লিখিত পরীক্ষা ২০২২, পদ: গার্ড গ্রেড ২, তারিখ: ১৭ জুন, ২০২২]
ক) ধাতু খ) প্রাতিপদিক গ) উপসর্গ ঘ) প্রত্যয়

১২. **কোন বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে?** [বাংলাদেশ রেলওয়ে লিখিত পরীক্ষা ২০২২, পদ: গার্ড গ্রেড ২, তারিখ: ১৭ জুন, ২০২২]
ক) ধীরে চল খ) ঘোড়া খুব দ্রুত চলে
গ) সে পূণ্যবান ঘ) মেটে কলসি

১৩. **নিচের কোনটি গুণবাচক বিশেষ্য?** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, পদের নাম: জুনিয়র শিক্ষক , তারিখ: ০৬ মার্চ ২০২১]
ক) বহর খ) মধুরতা গ) সাহসী ঘ) দর্শন

১৪. **বিশেষণ পদ হিসেবে দ্বিরুক্তি শব্দের প্রয়োগের উদাহরণ কোনটি?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স এর কার্যালয়, পদ: অডিটর, তারিখ: ২১ জানুয়ারি, ২০২২]
ক) চিকচিক করে বালি কোথা নাই কাদা
খ) বৃষ্টির ঝমঝমানি আমাদের অস্থির করে তোলে
গ) কলকলিয়ে উঠল সেথায় নারীর প্রতিবাদ
ঘ) নামিল নভে বাদল ছলছল বেদনায়

১৫. **ছেলেটি দ্রুত দৌড়ায়। 'দ্রুত' কোন পদের উদাহরণ?** [সমাজসেবা অধিদপ্তর ২০২২, পদ: ইউনিয়ন সমাজকর্মী, তারিখ: ২১ অক্টোবর, ২০২২]
ক) বিশেষণ খ) ক্রিয়া
গ) ক্রিয়া বিশেষণ ঘ) বিশেষ্য

১৬. **'চাতুর্য' শব্দের বিশেষণ কোনটি-** [বাংলাদেশ রেলওয়ে ৩য়/৪র্থ শ্রেণির নিয়োগ পরীক্ষা- ২০২২, পদ: খালাসী, তারিখ: ২৫ নভেম্বর, ২০২২]
ক) চতুরতা খ) চতুরালি গ) চতুর ঘ) চৈতন্য

১৭. **নিম্নোক্ত শব্দগুচ্ছের মধ্যে কোনটি বিশেষ্য?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) ২০২২, পদ : উপসহকারী প্রকৌশলী, তারিখ: ২৬ আগস্ট, ২০২২]
ক) বিস্ময় খ) ভগ্ন গ) মধুর ঘ) রেশমী

১৮. **'এখন গোল্লায় যাও' - বাক্যটিতে কোন ধরণের ক্রিয়াপদ ব্যবহৃত হয়েছে?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড -২০২২, নিয়োগ পরীক্ষা (নৈর্ব্যক্তিক), পদ : ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্ট/প্লানিং অ্যাসিস্ট্যান্ট, তারিখ: ২৬ আগস্ট, ২০২২]
ক) যৌগিক ক্রিয়া খ) সংযোগ ক্রিয়া
গ) দ্বিকর্মক ক্রিয়া ঘ) নামধাতু

১৯. **'ঘটনাটা শুনে রাখ' - এই বাক্যে 'শুনে রাখ' কোন প্রকার ক্রিয়া?** [১৫শ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা- ২০২২, পদ : সহকারী জজ, তারিখ: ৩০ জুলাই, ২০২২]
ক) যৌগিক খ) মিশ্র গ) দ্বিকর্মক ঘ) সমধাতুজ

২০. **বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে বলে?** [বাংলাদেশ রেলওয়ে/পদ : সহকারী স্টেশন মাস্টার/তারিখ: ০৬ আগস্ট, ২০২২]
ক) মৌলিক ধাতু খ) সংযোগ মূলক ধাতু
গ) নামধাতু ঘ) প্রযোজক ধাতু

২১. **'হাঁড়ি হাঁড়ি সন্দেশ' এখানে কোন পদ যোগে বহুবচন হয়েছে?** [খাদ্য অধিদপ্তর, পদ: সহকারী উপ-খাদ্য পরিদর্শক, তারিখ: ০৩.১২.২০২১]
ক) বিশেষ্য ও বিশেষ্য খ) বিশেষণ ও বিশেষণ
গ) বিশেষ্য ও বিশেষণ ঘ) বিশেষণ ও ক্রিয়া

২২. **তুমি কী খাবে? - বাক্যে 'কী' ব্যবহৃত হয়েছে-** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর জনবল নিয়োগ পরীক্ষা-২০২১, পদের নাম: ক্যাশিয়ার/ স্টোর কিপার, তারিখ: ১০.১২.২০২১]
ক) প্রশ্নবোধক হিসেবে খ) সর্বনাম হিসেবে
গ) বিশেষণ হিসেবে ঘ) ক্রিয়া-বিশেষণ হিসেবে

২৩. **'প্রস্তুত' কোন পদের অন্তর্ভুক্ত?** [মৎস্য অধিদপ্তরের কর্মচারী নিয়োগ পরীক্ষা-২০২১, পদের নাম: সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, তারিখ: ১৭.১২.২০২১]
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) সর্বনাম ঘ) অব্যয়

২৪. **প্রাতিপদিকের সঙ্গে কোন শব্দের সম্পর্ক বিদ্যমান?** [দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি., পদ: সহকারী ব্যবস্থাপক (জেনারেল), তারিখ: ২৬.১১.২০২১]
ক) ক্রিয়াবাচক শব্দ খ) বিশেষণবাচক শব্দ
গ) নামবাচক শব্দ ঘ) সর্বনামবাচক শব্দ

২৫. **'চিকচিক করে বালি কোথা নাই কাদা'- বাক্যের ধ্বন্যাত্মক দ্বিরুক্তি কোন পদ নির্দেশ করছে?** [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর সহকারী পরিচালক পদে পরীক্ষা-২০২১, তারিখ: ১৯.০৬.২০২১]
ক) ক্রিয়া বিশেষণ খ) বিশেষ্য
গ) বিশেষণ ঘ) ক্রিয়া

২৬. **নিচের কোনটি বিশেষ্য পদ?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), পদের নাম: কম্পিউটার অপারেটর, তারিখ: ০৩,০৪.২০২১]
ক) জাতি খ) গৈরিক গ) উদ্ধৃত ঘ) গাম্ভীর্য

৩. যে ক্রিয়া কিছু আগে শেষ হয়েছে কিন্তু তার [illegible] তাকে বলে– *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮; (স্থগিত ২০১৪)]*

ক) ঘটমান বর্তমান  খ) পুরাঘটিত বর্তমান
গ) সাধারণ অতীত  ঘ) নিত্যবৃত্ত অতীত

৪. **'এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি'- বাক্যটি কোন কালের?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮; (স্থগিত ২০১৪)]*

ক) সাধারণ অতীত  খ) নিত্যবৃত্ত অতীত
গ) ঘটমান বর্তমান  ঘ) পুরাঘটিত বর্তমান

| উত্তরপত্র | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.ঘ | ২.খ | ৩.খ | ৪.ঘ | | | | |

## ক্রিয়ার ভাব

**☞ অনুজ্ঞা ভাবঃ**

ক) আদেশাত্মক : বর্তমান কালে: আমটা খাও।
ভবিষ্যৎ কালে : কাল দেখা হবে।

খ) নিষেধাত্মক : বর্তমান কালে : অন্যায় কাজ করো না।
ভবিষ্যৎ কালে : মিথ্যা বলবে না।

গ) অনুরোধসূচক : বর্তমান কালে: ছাতাটা দিন তো ভাই।
ভবিষ্যৎ কালে: আপনারা আসবেন।

ঘ) উপদেশাত্মক : বর্তমান কালে: মানুষ হও।
ভবিষ্যৎ কালে: স্বাস্থ্যের প্রতি দৃষ্টি রেখো।

**ক. বর্তমান কাল**

১. আদেশ : কাজটি করে ফেল। তোমরা এখন যাও।
২. উপদেশ : সত্যকথা গোপন করো না।
: কড়া রোদে ঘোরাফেরা করিস না।
: পাতিস নে শিলাতলে পদ্মপাতা।
: অঙ্কটা বুঝিয়ে দাও না।
৪. প্রার্থনা : আমার দরখাস্তটা পড়ুন।
৫. অভিশাপ : মর, পাপিষ্ঠ।

**খ. ভবিষ্যৎ কালের অনুজ্ঞা**

১. আদেশে : সদা সত্য কথা বলবে।
২. সম্ভাবনায় : চেষ্টা কর, সবই বুঝতে পারবে।
৩. বিধান অর্থে : রোগ হলে ওষুধ খাবে।
৪. অনুরোধ : কাল এক বার এসো (বা আসিও বা আসিবে)

**☞ সাপেক্ষ ভাবঃ**

ক) সম্ভাবনায়: তিনি ফিরে এলে সব কিছুর মীমাংসা হবে। যদি সে পড়ত তবে পাশ করত।
খ) উদ্দেশ্য বোঝাতে: ভাল করে পড়লে সফল হবে।
গ) ইচ্ছা বা কামনায়: আজ বাবা বেঁচে থাকলে আমার এত কষ্ট হত না।

**☞ আকাঙ্ক্ষক ভাবঃ**

সে যাক। যা হয় হোক। সে একটু হাসুক। বৃষ্টি আসে আসুক। তার মঙ্গল হোক।

**প্রতিযোগিতামূলক পরীক্ষার উপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর**

❑ **নিচের কোনটি যৌগিক কালের উদহারণ নয়?** - করব
❑ **কোনটি অনুজ্ঞা?** - তুমি যাও
❑ **কোন বাক্যে নাম পুরুষের ব্যবহার করা হয়েছে?** - ওরা কি করে?

## সেল্ফ টেস্ট- ০৩

১. **'কল কল রবে নদী বইছে'। এখানে 'কল কল' কোন অব্যয়?**
ক) সমুচ্চয়ী  খ) অনুসর্গ
গ) অনন্বয়ী  ঘ) অনুকার

২. **চাউল, চিনি, পানি এগুলো কী বাচক বিশেষ্য?**
ক) বস্তুবাচক  খ) সমষ্টিবাচক
গ) ব্যক্তিবাচক  ঘ) জাতিবাচক

৩. **কোনটি বিশেষণ বাচক শব্দ?**
ক) জীবনী  খ) জীবন
গ) জীবিকা  ঘ) জীবাণু

৪. **'লোকটি দরিদ্র কিন্তু সৎ'-এ বাক্যে কিন্তু হলো-**
ক) সংকোচক অব্যয়  খ) সংযোজক অব্যয়
গ) অনন্বয়ী অব্যয়  ঘ) অনুকার অব্যয়

৫. **'মরি! মরি! কী সুন্দর প্রভাতের রূপ' – এখানে অনন্বয়ী অব্যয় কীভাবে প্রকাশ পেয়েছে?**
ক) যন্ত্রণা  খ) বিরক্তি
গ) সম্মতি  ঘ) উচ্ছ্বাস

৬. **বিভক্তিযুক্ত শব্দকে কী বলে?**
ক) পদ  খ) প্রাতিপদিক
গ) অক্ষর  ঘ) বাক্য

৭. **'অলস' এর বিশেষ্য পদ কোনটি?**
ক) অলসতা  খ) আলস্য
গ) আলসে  ঘ) আলসেমী

৮. **"বৃষ্টি পড়ে টাপুর টুপুর" এখানে টাপুর টুপুর কোন ধরনের শব্দ?**
ক) ছড়ার শব্দ  খ) শব্দের দ্বিরুক্তি
গ) ধ্বনাত্মক শব্দ  ঘ) পদের দ্বিরুক্তি

৯. **'সর্বজন' এর বিশেষণ কী?**
ক) বিশ্বজনীন  খ) সার্বিক
গ) জনসাধারণ  ঘ) সর্বজনীন

১০. **'এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি'- বাক্যটি কোন কালের?**
ক) সাধারণ অতীত  খ) নিত্যবৃত্ত অতীত
গ) ঘটমান বর্তমান  ঘ) পুরাঘটিত বর্তমান